

## প্রেস বিজ্ঞপ্তি

পরিবেশ দূষণের দায়ে ময়মনসিংহের ৫ টি ইটভাটাসহ ঢাকা, সিলেট, বাগেরহাট এবং গাজীপুরের ১০ টি প্রতিষ্ঠানকে মোট ৫৩ লক্ষ ৬ হাজার ক্ষতিপূরণ ধার্য করেছে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং

পরিবেশ দূষণবিরোধী অভিযান ও পরিবেশ সংরক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে আজ ২৬/০৮/২০১৯ তারিখ পরিবেশ অধিদপ্তরের পরিচালক, মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট মহোদয় ময়মনসিংহের ৫ টি ইটভাটাসহ ঢাকা, বাগেরহাট, সিলেট এবং গাজীপুরের ১০ (দশ) টি ব্যক্তি প্রতিষ্ঠানকে পরিবেশের জন্য মারাত্মক ক্ষতিকর কার্যক্রম সম্পাদনের মাধ্যমে পরিবেশ ও প্রতিবেশের ক্ষতিসাধনের দায়ে মোট ৫৩ লক্ষ ৬ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করেন।

প্রতিষ্ঠানসমূহের মধ্যে - পরিবেশ অধিদপ্তরের অনুমতি ব্যতিরেকে সিলেট জেলার জালালাবাদ উপজেলার ব্রাহ্মণশাসন মৌজার অবৈধভাবে পাহাড়/টিলা কর্তনের অপরাধে (১) অজিত তালুকদার, পিতা অমূল্য তালুকদার-কে ৩৩ লক্ষ ২৭ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়।

পরিবেশগত ছাড়পত্র গ্রহণ ব্যতীত অবৈধভাবে ইটভাটা পরিচালনার অপরাধে ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলার (২) মেসার্স আয়েশা ব্রিকস; (৩) মেসার্স শাফায়েত ব্রিকস, (৪) মেসার্স তানিয়া ব্রিকস; (৫) মেসার্স শাপলা ব্রিকস, (৬) মেসার্স এনজিএম ব্রিকস কে সর্বমোট ১০ লক্ষ ৫ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়।

তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি) নির্মাণ ব্যতীত এবং পরিবেশগত ছাড়পত্র গ্রহণ ব্যতীত কারখানা পরিচালনা করে পরিবেশ ও প্রতিবেশের ক্ষতিসাধনের অপরাধে (৭) আদি কর্পোরেশন, শিলমুন, টঙ্গী, গাজীপুরকে-৩ লক্ষ ৩৭ হাজার ৪৪০ টাকা; একই অপরাধে (৮) গ্রীণ টার্চ, শীলমুন, টঙ্গী, গাজীপুরকে-৪ লক্ষ ৩৭ হাজার ২৪০ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়।

এছাড়াও নমুনা বিশ্লেষণের মান গ্রহণযোগ্য মানমাত্রার বাইরে থাকার কারণে (৯) হোলসিম সিমেন্ট লিঃ, মোংলা, বাগেরহাটকে-১ লক্ষ ৯৮ হাজার টাকা এবং (১০) মেডিকন ফার্মাসিউটিক্যালস লিঃ, শিল্প প্লট-মিরপুর-১০, ঢাকাকে ১ হাজার ২৯৬ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়।

তারিখঃ ২৬/০৮/২০১৯ খ্রিঃ।

স্বাক্ষরিত/-

(সালমান চৌধুরী শাওন)

সহকারী পরিচালক

পক্ষে

পরিচালক (মনিঃ ও এনফোর্সঃ)

পরিবেশ অধিদপ্তর, ঢাকা।

মোবাইল নম্বরঃ ০১৭১২১৭৮৮৮২।